




জেলা পরিষদ কার্যালয়
মেহেরপুর
(www.zpmeherpur.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- জেপ/মেহের/প্রকৌঃ/৩৩-ফ-২/২০২৪-১৪(১০০)

তারিখ : ২৯-০১-২০২৪ খ্রিঃ।

“ ফলকর ইজারার দরপত্র বিজ্ঞপ্তি ”

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মেহেরপুর জেলা পরিষদের আওতাধীন বিভিন্ন রাস্তা সংলগ্ন আম, কাঁঠাল, তাল ও শিমুল তুলা ফলকর (কেবল মাত্র এক বছরের ফল ভোগের জন্য) ইজারা দেওয়ার নিমিত্তে গ্রুপ ভিত্তিক সীল মোহরকৃত মুখবন্ধ খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র নিম্নবর্ণিত তারিখ (১ম তারিখে প্রাপ্ত দর বিবেচিত না হলে পরবর্তী তারিখ গুলো পর্যায়ক্রমে প্রযোজ্য হবে) বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর অফিসে রক্ষিত দরপত্র বাস্তবে গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ২.০০ টার সময় উপস্থিত দরদাতা অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র সিডিউল ফরম নিম্নে উল্লেখিত টাকা(অফেরত যোগ্য) জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর (স্থানীয় সরকার শাখা), নির্বাহী প্রকৌশলী এলজিইডি, মেহেরপুর, উপজেলা নির্বাহী কর্মকর্তা, মেহেরপুর সদর/গাংনী/মুজিবনগর এর কার্যালয় হতে দরপত্র দাখিলের পূর্বদিন অফিস চলাকালীন সময় পর্যন্ত ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র ফরম বিক্রয় করা হবে না। দরপত্রের সাথে দাখিলকৃত দরের সমুদয় অর্থ ও দাখিল কৃত দরের ৫% আয়কর এবং ১৫% ভ্যাট বাবদ অর্থ যে কোন তফসিলী ব্যাংকের বিডি/পে-অর্ডার আকারে “প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মেহেরপুর” বরাবর সংযুক্ত করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে দেখা বা জানা যাবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

দরপত্র গ্রহণের তারিখ সমূহ

১ম তারিখ	২য় তারিখ	৩য় তারিখ
১২-০২-২০২৪	২০-০২-২০২৪	২৮-০২-২০২৪

রাস্তার নাম, গাছ ও সিডিউল মূল্য সংক্রান্ত বিবরণী

গ্রুপ নং	রাস্তার নাম	গাছের নাম	গাছের সংখ্যা	সিডিউল মূল্য
০১	মেহেরপুর-মুজিবনগর সড়ক (নিজস্ব বাগানের আম গাছ ৩১(একত্রিশ) টি গাছসহ)	আম গাছ	৮৯(উননব্বই) টি	৩০০/-
		শিমুল গাছ	১০(দশ) টি	
		কাঁঠাল গাছ	২৯(উনত্রিশ) টি	
০২	মেহেরপুর-কাথুলী রাস্তা। (পৌরসভার অংশ বাদে)	আম গাছ	৯৫(পঁচানব্বই) টি	২০০/-
		শিমুল গাছ	১৮(আঠার) টি	
		কাঁঠাল গাছ	১৭(সতের) টি	
০৩	মেহেরপুর-মহাজনপুর রাস্তা।	আম গাছ	০৫(পাঁচ) টি	২০০/-
		শিমুল গাছ	০৬(ছয়) টি	
		কাঁঠাল গাছ	১৪(চৌদ্দ) টি	
০৪	মেহেরপুর-চুয়াডাঙ্গা রাস্তা।	আম গাছ	১৫(পনের) টি	২০০/-
		শিমুল গাছ	৯(নয়) টি	
		কাঁঠাল গাছ	২৩(তেইশ) টি	

(মোঃ মজিদুর রহমান চৌধুরী)

সহকারী প্রকৌশলী


জেলা পরিষদ, মেহেরপুর।

ফোন নং-০২৪৭৭৯২৬০৫

E-mail- meherpurzp@gmail.com

শর্তাবলী

- ০১। দরপত্রের সাথে উদ্ধৃত দর, দরের ৫% আয়কর ও ১৫% ভ্যাট বাবদ অর্থ যে কোন তফসিলী ব্যাংকের পে-অর্ডার/বিডি “প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মেহেরপুর” বরাবরে দাখিল করতে হবে। বর্ণিতরূপে পে-অর্ডার/বিডি দাখিল না করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০২। দরপত্র ফরমে সমস্ত বর্ণনা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। কোন প্রকার ঘষামাজা/স্বাক্ষরবিহীন কাটাকাটি দর গ্রহণ যোগ্য হবে না।
- ০৩। যে কোন দর আশানুরূপ না হলে গ্রহণ করা বা না করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ০৪। উদ্ধৃত দর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের পর ফলকরের দখল হস্তান্তর করা হবে।
- ০৫। ফলকরের শুধুমাত্র নির্ধারিত মৌসুমের ফল আহরণ করা যাবে। গাছের বা জমির ক্ষতিসাধন বা ডাল কতন করা যাবে না। করলে উপযুক্ত ক্ষতিপূরণ আদায় করা হবে।
- ০৬। জেলা পরিষদের যে কোন কর্মকর্তা/কর্মচারী যে কোন সময় ফলকর পরিদর্শন/তদারকী করতে পারবেন।
- ০৭। প্রাকৃতিক দুর্যোগ বা অন্য কোন কারণে ইজারা প্রদানকৃত ফলের কোন ক্ষতি হলে তজ্জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না বা কোন ক্ষতিপূরণ দেওয়া হবে না।
- ০৮। কাজিত দর পাওয়া গেলে পরবর্তী দরপত্র গ্রহণের তারিখ বাতিল বলে গণ্য হবে।


(মোঃ মজিদুর রহমান চৌধুরী)
সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, মেহেরপুর।
ফোন নং-০২৪৭৭৭৯২৬০৫
E-mail- meherpurzp@gmail.com

অনুলিপি(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :-

- ০১। চেয়ারম্যান, জেলা পরিষদ, মেহেরপুর।
- ০২। জেলা প্রশাসক, মেহেরপুর।
- ০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মেহেরপুর।
- ০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মেহেরপুর।
- ০৫। পুলিশ সুপার, মেহেরপুর।
- ০৬। সিভিল সার্জন, মেহেরপুর।
- ০৭। উপজেলা চেয়ারম্যান, মেহেরপুর সদর/গাংনী/মুজিবনগর।
- ০৮। মেয়র, মেহেরপুর পৌরসভা, মেহেরপুর।
- ০৯। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/এলজিইডি, মেহেরপুর/গনপূর্ত বিভাগ, মেহেরপুর।
- ১০। উপজেলা নির্বাহী কর্মকর্তা, মেহেরপুর সদর/গাংনী/মুজিবনগর।
- ১১। জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর।
- ১২। উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক ও জনপথ উপবিভাগ, মেহেরপুর।
- ১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা মেহেরপুর সদর থানা/গাংনী থানা/মুজিবনগর থানা।
- ১৪। চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউ,পি
- ১৫। সংরক্ষিত মহিলা সদস্য/সদস্য, ওয়ার্ড নং.....
জেলা পরিষদ, মেহেরপুর, বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১৬। জনাব/মেসার্স.....
- ১৭। নোটিশ বোর্ড, জেলা পরিষদ, মেহেরপুর।